ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

30 OCTOBER 2024 7:35 AM IST

==========================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন করে বাছাই করা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে ৫১ হাজারেরও বেশি নব-নিযুক্ত প্রার্থীদের মধ্যে নিযুক্তিপত্র বিতরণ করেছেন । এই রোজগার মেলার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির ১শো ৪৪ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয় । এই উপলক্ষ্যে গৌহাটি সহ দেশের ৪০টি স্থানে আয়োজিত রোজগার মেলায় অংশ গ্রহণকারীদের ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সম্মোধন করে প্রধানমন্ত্রী বলেন যে এ ভাবেই যুবক-যুবতীদের স্থায়ী সরকারী চাকরি প্রদানের প্রয়াস অব্যাহত থাকবে । তিনি বলেন যে দেশের যুব প্রজন্মকে কর্ম-সংস্থানের সুযোগ প্রদান করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।এই রোজগার মেলার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির ১শো ৪৪ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে কেন্দ্রীয় সরকারের অধীন বিভিন্ন বিভাগ এবং মন্ত্রনালয়ে নতুন ভাবে নিযুক্তি লাভ করা প্রার্থীদের কর্মযোগী পোর্টালের মাধ্যমে প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করা হবে । নব-নিযুক্ত যুবক-যুবতীরা iGOT কর্মযোগী পোর্টাল থেকে অন-লাইন মডিউল এবং প্রায় ৪শোর বেশি ই-শিক্ষণ পাঠ্যক্রম সংগ্রহ করতে পারবেন । কেন্দ্রীয় বন্দর, জাহাজ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ

সনোয়াল গতকাল গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল প্রেক্ষাগৃহে আয়োজিত এই রোজগার মেলায় উপস্থিত ছিলেন ।

এদিকে প্রধানমন্ত্রী গতকাল আয়ুর্বেদ দিবস উপলক্ষে স্বাস্থ্য ক্ষেত্রে ১২ হাজার ৮৫০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের সূচনা এবং ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।প্রধানমন্ত্রী গতকাল ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে গুয়াহাটী সর্ব ভারতীয় চিকিৎসা বিজ্ঞান প্রতিষ্ঠান (এইমসের) বেশ কয়েকটি চিকিৎসা পরিষেবার উদ্বোধন করেন ।

---

নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে বরাক উপত্যকার তিন জেলায় গতকাল ২০২৫ সালের পয়লা জানুয়ারিকে ভিত্তি করে জেলাগুলির সবকটি বিধানসভা কেন্দ্র ভিত্তিক ফটোযুক্ত খসড়া ভোটার তালিকার বিশেষ সারাংশ সংশোধন প্রকাশ করা হয়েছে । এই অনুসারে কাছাড় জেলার প্রকাশিত খসড়া ফটোযুক্ত ভোটার তালিকা কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিক, জেলার সব নির্বাচনী নিবন্ধন আধিকারিকদের কার্যালয়, সব সহকারী নির্বাচনী আধিকারিকের কার্যালয় এবং নির্দিষ্ট বিধানসভার বি এল ওদের কার্যালয়ে পরিদর্শনের জন্য রাখা হয়েছে । এই খসড়া ভোটার তালিকার দাবি ও আপত্তি জমা দেওয়ার সময়সীমা গতকাল থেকে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত ধার্য করা হয়েছে । এছাড়া অনলাইনেও দাবী ও আপত্তি জানানো যেতে পারে । আগামী ২৪শে ডিসেম্বর পর্যন্ত দাবী ও আপত্তি গ্রহণ করা হবে । এরপর আগামী ছয়ই জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

কাছাড় জেলার খসড়া ভোটার তালিকা প্রকাশ এবং এর বিশেষ সারাংশ সংশোধনের ব্যাপারে আলোচনা করতে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব

গতকাল জেলার সব স্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠক করেছেন । জেলা আয়ুক্তের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে জানানো হয়েছে যে- আগামী দুই মাসের মধ্যে জেলার বাসিন্দারা ভোটার তালিকায় নাম যোগ করা বা মোছার কাজ করতে পারবেন । এতে বলা হয়েছে যে- নাম তোলার জন্য ছ'নম্বর ফর্ম এবং ভোটারদের বিবরণ স্থানান্তর বা সংশোধনের জন্য আট নম্বর ফর্ম এবং নাম মোছার জন্য সাত নম্বর ফর্ম ব্যবহার করতে হবে । বি এল ও'রা ঘরে ঘরে গিয়ে ভোটার তালিকায় নাম যোগ করা, স্থানান্তর এবং মুছের ফেলার জন্য সহায়তা করবেন বলে সভায় জানানো হয়।এছাড়া ভোটার তালিকা সম্পর্কিত যেকোনো প্রশ্ন বা পরিবর্তন সংক্রান্ত সহায়তা প্রদান করআর উদ্দেশ্যে প্রতিটি ভোটকেন্দ্র এলাকায় আগামী ৯, ১০ এবং ১৬ ও ১৭ই নভেম্বর বিশেষ ক্যাম্পের আয়োজন করা হবে ।

করিমগঞ্জ জেলার গতকাল প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা ৯ লক্ষ ৪৪ হাজার ৬২০ । এরমধ্যে ৪ লক্ষ ৭৯ হাজার ৭০৫ জন পুরুষ, ৪ লক্ষ ৬৪ হাজার ৯০৪ জন মহিলা এবং ১১ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এছাড়া এই জেলায় মোট ভোটকেন্দ্রের সংখ্যা হচ্ছে- ১ হাজার ৯৯ ।

হাইলাকান্দি জেলায় গতকাল প্রকাশিত খসড়া ভোটার তালিকায় হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ২লক্ষ ১৫হাজার ২৭২ জন ভোটার রয়েছেন । ২০২৪ সালে এই কেন্দ্রে ভোটারের সংখ্যা ছিল- ২লক্ষ ১১ হাজার ৮৮৬। এছাড়া এই খসড়া অনুযায়ী আলগাপুর-কাটলীছড়া বিধানসভা কেন্দ্রে ২লক্ষ ৬৪ হাজার ৭৮২জন ভোটার রয়েছেন । নির্বাচনী এলাকা পুনর্নির্ধারণের পর হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ভোটকেন্দ্র রয়েছে ২৮২টি এবং আলগাপুর-কাটলীছড়া বিধানসভা কেন্দ্রে ৩৩০টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে । এলাকা পুনর্নির্ধারণের আগে হাইলাকান্দি আসনে ২৭৯টি এবং

আলগাপুর ও কাটলীছড়া মিলিয়ে ৩২৩টি ভোটকেন্দ্র ছিল । প্রকাশিত খসড়া তালিকায় জেলায় সার্ভিস ভোটার রয়েছেন ৭৮২ জন ।

---

সুপ্রিম কোর্টের নির্দেশে ও রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের এক আদেশে করিমগঞ্জের জেলা মেজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে গতকাল বেআইনি অনলাইন ও অফলাইন লটারির ওপর নিষেধাজ্ঞা জারি করেছেন ।এই নিষেধাজ্ঞা তাৎক্ষণিকভাবে সমগ্র জেলায় বলবৎ হয়েছে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বহাল থাকবে ।নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইন অনুযায়ি বিহীত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

---

দীপাবলী উপলক্ষে হাইলাকান্দির জেলা আয়ুক্ত আগামী পয়লা নভেম্বর এন আই অ্যাক্টে জেলায় স্থানীয় ছুটি ঘোষণা করেছেন । এর পরিপ্রেক্ষিতে ঐদিন হাইলাকান্দি জেলায় সব সরকারি কার্যালয় বন্ধ থাকবে । তবে বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্বনির্ধারিত পরীক্ষা থাকলে তা যথারীতি অনুষ্ঠিত হবে। এছাড়া অত্যাবশ্যকীয় পরিষেবার ক্ষেত্রে এই বন্ধ কার্যকর হবেনা ।

---

করিমগঞ্জের মহিলা ও শিশু কল্যাণ বিভাগের আওতাধীন সংকল্প কার্যসূচীর ডিস্ট্রিক্ট হাব ফর এম্পাওয়ারমেন্ট অব ওম্যান- মিশন শক্তির উদ্যোগে আজ ‘বেটি বাচাও বেটি পড়াও’ কার্যসূচীর অধীনে আর্ন্তজাতিক কন্যশিশু দিবস উদযাপন করা হয়েছে । আজ সকাল এগারোটায় করিমগঞ্জের জেলা

গ্রন্থাগার ভবনে জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে আগত ছাত্রী, অঙ্গনওয়াড়ি সুপারভাইজর-কর্মী-সহায়িকা ও সি ডি পিও'দের উপস্থিতিতে এই দিবস পালন করা হয়েছে । আজকের এই কন্যাশিশু দিবসের বিষয় ছিল- 'শী মেক্স দ্য ওয়ার্লড ব্রাইট বাট স্টিল স্ট্রাগল্স টু সি দ্য লাইট' ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব শিলচর শহরের পরিকাঠামোগত উন্নয়ন ও গ্রামীন বিকাশ তরান্বিত করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । শিলচরে নগর ও গ্রামোন্নয়নের পৃথক পৃথক দুটি সভায় উপস্থিত হয়ে তিনি উচ্চ গুণমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন ।

---